মুজিবনগরগামী যাত্রীবাহী বাসের দামুড়হুদায় দুর্ঘটনা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা একটি দোকানে ঢুকে পড়েছে। তবে এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) ভোরে কুয়াকাটা থেকে মুজিবনগরগামী নিউ মডার্ন পরিবহনের একটি বাস দামুড়হুদার জয়রামপুর কাঁঠালতলা এলাকায় পৌঁছালে হঠাৎ নিয়ন্ত্রণ হারায়। একপর্যায়ে বাসটি সড়কের পাশে থাকা একটি দোকানে গিয়ে আঘাত হানে।

স্থানীয় সূত্রে জানা যায়, দুর্ঘটনার সময় বাসে থাকা সব যাত্রী অক্ষত রয়েছেন, যা বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়ার ইঙ্গিত দেয়। তবে দোকানটির কিছু ক্ষয়ক্ষতি হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

এদিকে অভিযোগ উঠেছে, দুর্ঘটনার সময় বাসটির হেলপার গাড়ি চালাচ্ছিলেন, যা দুর্ঘটনার অন্যতম কারণ হতে পারে। বিষয়টি নিয়ে স্থানীয়দের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

ঘটনার পরপরই স্থানীয় লোকজন দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে বলে জানা গেছে।

আলমডাঙ্গার খোরদে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালো স্কুলছাত্র

আলমডাঙ্গায় এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে দশম শ্রেণির ছাত্র নাহিদ ইসলাম (১৫)। চিকিৎসার পথে নিভে গেল এক সম্ভাবনাময় শিক্ষার্থীর জীবন।

ঘটনাটি ঘটেছে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের খোরদ গ্রামে। এ হৃদয়বিদারক ঘটনায় শোকস্তব্ধ হয়ে পড়েছে নিহতের পরিবারসহ পুরো এলাকা।

নিহত নাহিদ ইসলাম হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণির শিক্ষার্থী এবং খোরদ গ্রামের মালিতাপাড়া এলাকার বাসিন্দা আনোয়ার হোসেনের সেজো ছেলে।

গতকাল শনিবার রাত আনুমানিক ১১টার দিকে হাটবোয়ালিয়া-ভালাইপুর সড়কের খোরদ ঈদগা মোড় সংলগ্ন এলাকায় দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, একটি চলন্ত আখবোঝাই ট্রলি থেকে আখ টানতে গিয়ে অসাবধানতাবশত ভারসাম্য হারিয়ে নাহিদ সড়কের ওপর ছিটকে পড়ে গুরুতর আহত হয়। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তার অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। তবে রাজশাহীর উদ্দেশ্যে নেওয়ার পথে কুষ্টিয়ার ভেড়ামারা এলাকায় পৌঁছালে অ্যাম্বুলেন্সের মধ্যেই চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নাহিদের মৃত্যুর সংবাদ এলাকায় ছড়িয়ে পড়লে পরিবারে নেমে আসে শোকের মাতম। কান্নায় ভেঙে পড়েন বাবা-মা ও স্বজনরা। একই সঙ্গে তার সহপাঠী, শিক্ষক ও স্থানীয় বাসিন্দাদের মাঝেও গভীর শোক ও বেদনার আবহ বিরাজ করছে।

রবিবার সকালে হাটবোয়ালিয়া পুলিশ ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে নিহতের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করেন। পরবর্তীতে আইনগত প্রক্রিয়া সম্পন্ন শেষে রবিবার বেলা ১১টার দিকে খোরদ কবরস্থানে নাহিদ ইসলামের দাফন সম্পন্ন করা হয়।

এ বিষয়ে আলমডাঙ্গা থানা পুলিশ জানায়, ঘটনায় কোনো বাদী না থাকায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

এই মর্মান্তিক দুর্ঘটনা আবারও গ্রামীণ সড়কে ঝুঁকিপূর্ণ চলাচল ও সচেতনতার অভাবের বিষয়টি সামনে এনেছে বলে মনে করছেন সচেতন মহল। নিহত নাহিদ ইসলামের রুহের মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন এলাকাবাসী।

আলমডাঙ্গায় মৃত্যুসংবাদে আসার পথে দুর্ঘটনায় প্রাণ গেল চাচাতো বোনের

আলমডাঙ্গার সাংবাদিক সাহাবুল হকের মা মোরিয়োম খাতুন (৬৮) মৃত্যুবরণ করেছেন। মায়ের মৃত্যু সংবাদ পেয়ে দাফনকার্যে অংশ নিতে আসার পথে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন তাঁর চাচাতো বোন লাভলী খাতুন। একদিনে একই পরিবারের দুইজনের মৃত্যুতে এলাকায় নেমে এসেছে গভীর শোকের ছায়া।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের দুর্লভপুর গ্রামের মুনছুর আলির স্ত্রী মোরিয়োম খাতুন দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত নানা রোগে ভুগছিলেন। সোমবার দিবাগত রাত ৩টার দিকে তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি ৩ পুত্র, ৪ কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মায়ের মৃত্যুসংবাদ পেয়ে দামুড়হুদা উপজেলার ভগীরথপুর গ্রাম থেকে চাচাতো বোন লাভলী খাতুন স্বামীর মোটরসাইকেলযোগে দুর্লভপুর গ্রামের উদ্দেশ্যে রওনা হন। পথে ভালাইপুর মোড় পেরিয়ে চিৎলার মাঠ এলাকায় মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হন তিনি। স্থানীয়দের সহায়তায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

একই পরিবারের দুইজনের মৃত্যুতে স্বজনদের আহাজারিতে বাড়িতে শোকের মাতম নেমে আসে। সাংবাদিক সাহাবুল হকের অন্ধ পিতার কান্নায় এলাকায় বেদনাবিধুর পরিবেশ সৃষ্টি হয়।

গত সোমবার সকাল ১০টা ৩০ মিনিটে মরহুমা মোরিয়োম খাতুনের জানাজা শেষে গ্রামের কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়।

জানাজায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গার সিনিয়র সাংবাদিক হামিদুল ইসলাম আজম, কবি ও সাংবাদিক গোলাম রহমান চৌধুরী, আতিক বিশ্বাস, আশাদুল মেম্বার, মুনছুর মেম্বার, রুহুল আমিন মেম্বার, রাজ্জাক আলি,

আজিজুল হক, তুহিন হোসেন, ইকরামুল মন্ডল, রিপন আলি প্রমুখ।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় শিক্ষক নিহত

মেহেরপুরে মোটরসাইকেল দুর্ঘটনায় তোফাজ্জেল বিশ্বাস নামের এক শিক্ষক নিহত হয়েছে। রবিবার (১৬ নভেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলার পুরাতন দরবেশপুর নামক এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত তোফাজ্জেল বিশ্বাস চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার দলিয়ারপুর গ্রামের জামাত আলীর ছেলে ও দরবেশপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক।

জানা গেছে, তোফাজ্জেল বিশ্বাস দরবেশপুর থেকে চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিলেন পথিমধ্যে পুরাতন দরবেশপুর নামক এলাকায় পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে তিনি ঘটনাস্থলেই নিহত হন।

খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা মরদেহ উদ্ধার করে। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহ উদ্দিন জানান, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

গাংনীতে আলম সাধু দুর্ঘটনায় নিহত ১

মেহেরপুরের গাংনীতে আলম সাধুর ধাক্কায় সাইফুল রেজা ওরফে মহাজন
(৩৫) নামে এক ব্যবসায়ী নিহত হয়েছেন।

বুধবার রাত সাড়ে ৭টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের পোড়াপাড়া গ্রামের হঠাৎপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাইফুল রেজা পলিথিন, গ্রীস, গিয়ার অয়েল, মবিল ও হার্ডওয়ার সামগ্রীর পাইকারি ও খুচরা ব্যবসায়ী ছিলেন। তিনি মেহেরপুর পুলিশ লাইনপাড়ার টুকু হোসেনের ছেলে।

ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার চেষ্টা করলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনী ইসরাইল জানান, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাজশাহীতে ট্রাকের ধাক্কায় ৮ সেনা সদস্য আহত

রাজশাহীর মোহনপুরে সেনাবাহিনীর টহল গাড়িতে ট্রাকের ধাক্কায় ৮ সেনা সদস্য আহত হয়েছেন।

মঙ্গলবার (২৬ আগস্ট) ভোরে রাজশাহী-নওগাঁ মহাসড়কে বাকশিমইল গ্রামে এ দুর্ঘটনা ঘটে। এতে দুটি গাড়িই সড়কের পাশে খাদে পড়ে গেছে। মোহনপুর থানার ওসি আতাউর রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আতাউর রহমান জানান, মঙ্গলবার ভোর ৫টার দিকে মোহনপুর মডেল টাউনের পাশে সেনাবাহিনীর একটি টহল গাড়িকে পেছন থেকে ট্রাক ধাক্কা দেয়। এসময় নিয়ন্ত্রণ হারিয়ে সেনাবাহিনীর টহল গাড়ি ও ট্রাক উভয়ই পাশের খাদে পড়ে যায়। এতে গাড়িতে থাকা আট সেনা সদস্য আহত হন।

ওসি জানান, দুর্ঘটনায় পিকআপে থাকা আট সেনা সদস্য ও ট্রাকের হেলপার আহত হয়েছেন। তাদের মধ্যে দুই সেনা সদস্যের শারীরিক অবস্থা গুরুতর। আহত সবাইকে পুলিশ ও সেনাবাহিনী উদ্ধার করে চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে পাঠিয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে প্রাইভেটকার দুর্ঘটনায় আহত ২

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে আমঝুপি বাজার এলাকায় প্রাইভেটকার দুর্ঘটনায় দুইজন আহত হয়েছেন।

মঙ্গলবার রাত আড়াইটার দিকে দ্রুতগতির দুই প্রাইভেটকার রেসিং করতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে। এতে দুটি দোকান মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। প্রাইভেটকারটি দুমড়ে-মুচড়ে গিয়েছে।

আহতরা হলেন চুয়াডাঙ্গা জেলার সিনেমা হলপাড়ার হাফিজের ছেলে ফেরদৌস (১৯) ও পলাশপাড়ার ওহি (১৯)।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর শহর থেকে চুয়াডাঙ্গাগামী দুটি প্রাইভেটকার প্রতিযোগিতা (রেসিং) করছিল। হঠাৎ আমঝুপি বাজারে একটি প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে মার্সেল শোরুমের সাইনবোর্ডে ধাক্কা মারে, পরে লাইম কফি হাউজের দোকান ভেঙে পাশের বটগাছে সজোরে আঘাত হানে। এতে গাড়িটি দুমড়ে-মুচড়ে যায় এবং ভেতরে থাকা দুজন গুরুতর আহত হন।

দুর্ঘটনার পর অপর প্রাইভেটকারে থাকা যাত্রীরা আহতদের দ্রুত উদ্ধার করে নিয়ে যায়।

ঘটনাটি নিশ্চিত করে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাউদ্দিন আহমেদ বলেন, রাত গভীর হওয়ার কারণে ঘটনাস্থলে কাউকে পাওয়া যায়নি। গুরুতর আহত দুজনকে তাদের সঙ্গীরাই নিয়ে গেছে বলে জানা গেছে।
প্রাইভেটকারটি সম্পূর্ণ গুঁড়িয়ে গেছে এবং বর্তমানে এটি পুলিশ হেফাজতে রয়েছে। আশপাশের দোকানে থাকা সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হচ্ছে। ফুটেজ পর্যালোচনা করে দায়ীদের শনাক্তের চেষ্টা চলছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের অনুদান প্রদানের লক্ষ্যে যাচাই-বাছাই

মেহেরপুর সদর উপজেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ও আহতদের পরিবারকে অনুদান প্রদানের লক্ষ্যে যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ জুলাই) সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে সদর উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান প্রমুখ।

সভায় জানানো হয়, সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তির পরিবারকে ৫ লাখ টাকা এবং আহতদের ক্যাটাগরি অনুযায়ী ১ থেকে ৩ লাখ টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হবে।

উল্লেখ্য, যাচাই-বাছাই শেষে সংশ্লিষ্টদের অনুদানের জন্য সুপারিশ করা হবে এবং তা দ্রুত কার্যকর করা হবে বলে জানান ইউএনও।

কোটচাঁদপুর মোটরসাইকেল দুর্ঘটনায় নির্মাণ শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার শিশারকুন্ডু গ্রামে নির্মাণ শ্রমিক রুহুল আমিন (২৫) মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের কাশিপুর নামক স্থানে ঘটনাটি ঘটে। তিনি শিশারকুন্ডু গ্রামের হামিদুল

ইসলামের ছেলে।

জানা যায়, রুহুল আমিন পেশায় একজন নির্মাণ শ্রমিক। বুধবার সকালে মোটরসাইকেলযোগে কালীগঞ্জের কর্মস্থলে যাচ্ছিলেন। পথিমধ্যে কাশিপুর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা আলমসাদুর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে রুহুল আমিন ঘটনাস্থলেই মারা যান।

খবর পেয়ে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে থানার পুলিশের কাছে হস্তান্তর করে।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দর্শনায় পৌর বিএনপি’র দোয়া মাহফিল

দর্শনা পৌর বিএনপি’র আয়োজনে ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মমার্ন্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত ও আহত সকলের সুস্থ্যতা কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা পুরাতন বাজার পৌর বিএনপি’র অস্থায়ী কাযার্লয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনা পুরাতন বাজার জামে মসজিদেরে পেশ ঈমাম নুরুল ইসলাম এ দোয়া ও মিলাদ মাহফিল পরিচালনা করেন। এসময় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও সাবেক পৌর বিএনপি’র সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

এছাড়া চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু তরফদার, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয়ক কমিটির সদস্য সাংবাদিক শরীফ উদ্দিন,

বিএনপি নেতা সরোয়ার হোসেন, আব্দুর রাজ্জাক, সাবেক ছাত্র নেতা ফারুক হোসেনসহ ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক ও কৃষকদলের নেতা কর্মীরা দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।